**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-১৬৪/২০১৯-২০২০**

**ঢাকা ১১ ফেব্রুয়ারি মঙ্গলবার ২০২০, ২৮ মাঘ ১৪২৬**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। ট্রাইব্যুনাল নয়, বিশেষ আদালতে মাদক মামলার বিচার হবে: মন্ত্রিসভায় আইনের খসড়ার নীতিগত অনুমোদন
২। বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলের বিশ্বকাপ জয় মুজিববর্ষে জাতির জন্য সেরা উপহার : প্রধানমন্ত্রী
৩। 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' পাচ্ছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৭২ মেধাবী শিক্ষার্থী : ২৬ ফেব্রুয়ারি পুরস্কার দেবেন প্রধানমন্ত্রী
৪। পাঁচ বছরের মধ্যে সব এমআরপি হবে ই-পাসপোর্ট : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী
৫। আইসিজের রায় বাস্তবায়নসহ রোহিঙ্গাদের ফেরত নেবে মিয়ানমার : সংসদে পররাষ্ট্রমন্ত্রীর আশাবাদ
৬। ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্যের হার শূন্যের কোটায় নামিয়ে আনা হবে : সংসদে পরিকল্পনামন্ত্রী
৭। বিএনপি বিদেশনির্ভর হয়ে পড়েছে: সেতুমন্ত্রী
৮। বিদেশিদের কাছে নালিশ করে দেশকে খাটো করবেন না : চট্টগ্রামে অমর একুশে বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে বিএনপি নেতৃবৃন্দের প্রতি তথ্যমন্ত্রী
৯। সারাদেশে গত ২৪ ঘণ্টায় স্ক্রিনিং করা হয়েছে ১২ হাজার ৬৩০ যাত্রী : স্বাস্থ্যমন্ত্রী
১০। চীনে করোনাভাইরাসের কারণে সরকারের নজর বিকল্প বাজারে : কানাডার সাচকাচোয়ান প্রদেশের কৃষিমন্ত্রীকে বাণিজ্যমন্ত্রী
১১। পরিবেশসম্মত নগরায়নে এগিয়ে আসতে হবে : আবুধাবিতে গণপূর্তমন্ত্রী
১২। একুশে ফেব্রুয়ারি পালনের জন্য জোর নিরাপত্তা থাকবে : স্বরাষ্ট্রমন্ত্রী
১৩। প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ বাস্তবায়নে মিডিয়ার সহযোগিতা চাইলেন তথ্য প্রতিমন্ত্রী
১৪। ডিম আমদানির অনুমতি দেয়া হবে না : প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী

**১। ট্রাইব্যুনাল নয়, বিশেষ আদালতে মাদক মামলার বিচার হবে: মন্ত্রিসভায় আইনের খসড়ার নীতিগত অনুমোদন**

ট্রাইব্যুনাল নয়, মাদক সংক্রান্ত মামলার বিচার হবে বিশেষ আদালতে। মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে এজন্য 'বিশেষ আদালত' গঠিত হবে। সব জেলা ও মহানগরে বিশেষ আদালত গঠন করা হবে। ফলে আদালতে বছরের -পর-বছর ঝুলে থাকা মাদক মামলার সংখ্যা কমে আসবে। কোনো মামলার রায়ের পর হাইকো র্ট বা উচ্চ আদালতে দৌড়ঝাঁপ করতে হবে না। এখন মাদক সংক্রান্ত প্রায় ১ লাখ ৮০ হাজার মামলা ঝুলে আছে। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০'-এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **বণিকবার্তা** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**২। বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলের বিশ্বকাপ জয় মুজিববর্ষে জাতির জন্য সেরা উপহার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলের বিশ্বকাপ জয়কে মুজিববর্ষে জাতির জন্য সেরা উপহার হিসেবে বর্ণনা করেছেন। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) মন্ত্রিসভার বৈঠকের শুরুতেই প্রধানমন্ত্রী আরও ঘোষণা করেন, এ দুর্দান্ত সাফল্যের জন্য দেশে ফিরে আসার পরে দলটিকে একটি বিশাল সংবর্ধনা দেওয়া হবে। রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজন করা হবে এ গণসংবর্ধনা অনুষ্ঠান। বৈঠক শেষে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল সাংবাদিকদের এ কথা জানান। বৈঠকের শুরুতেই যুব ক্রিকেট দলের বিশ্বকাপ জয়ের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফুল দিয়ে অভিনন্দন জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

**৩। 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' পাচ্ছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৭২ মেধাবী শিক্ষার্থী : ২৬ ফেব্রুয়ারি পুরস্কার দেবেন প্রধানমন্ত্রী**

এ বছর 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' পাচ্ছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৭২ মেধাবী শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) উদ্যোগে আগামী ২৬ ফেব্রুয়ারি মেধাবীদের হাতে পুরস্কার তুলে দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ বছর সরকারি ও বেসরকারি ৮৪ বিশ্ববিদ্যালয়ের ১৭২ কৃতি শিক্ষার্থী স্ব স্ব অনুষদে সর্বোচ্চ নম্বর/সিজিপিএ অর্জনের স্বীকৃতিস্বরূপ 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' পাচ্ছেন। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৪। পাঁচ বছরের মধ্যে সব এমআরপি হবে ই-পাসপোর্ট : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জমান খান কামাল বলেছেন , মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এবং ই -পাসপোর্ট আন্তর্জাতিকভাবে স্বীকৃত ভ্রমণ দলিল। বাংলাদেশ বিশ্বে ১১৯তম এবং দক্ষিণ এশিয়ায় প্রথম দেশ হিসেবে ঝুঁকিমুক্ত নিরাপদ ই-পাসপোর্ট প্রবর্তন করেছে। আগামী পাঁচ বছরের মধ্যে প র্যায়ক্রমে সব এমআরপিসমূহকে ই -পাসপোর্টে রূপান্তর করা হবে। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**৫। আইসিজের রায় বাস্তবায়নসহ রোহিঙ্গাদের ফেরত নেবে মিয়ানমার : সংসদে পররাষ্ট্রমন্ত্রীর আশাবাদ**

রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘের ইন্টারন্যাশনাল কোর্ট অভ জাস্টিসের (আইসিজে) রায় বাস্তবায়নে মিয়ানমার সরকার উদ্যোগ নেবে বলে আশা প্রকাশ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেন, বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের ফেরত নেয়ার বিষয়ে কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। দ্রুত মিয়ানমার তাদের ফেরত নেবে বলে সরকার আশা করছে। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে পররাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৭)।

**৬। ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্যের হার শূন্যের কোটায় নামিয়ে আনা হবে : সংসদে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্যের হার শূন্যের কোটায় নামিয়ে আনা হবে। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে পরিকল্পনামন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, আমার বাড়ি আমার খামার প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ১লাখ ১ হাজার ৪২টি সমিতি গঠনের মাধ্যমে ৬০ লাখ দরিদ্র পরিবারকে এ প্রকল্পের আওতায় আনা হবে। এসব পরিবারের সদস্যরা যাতে বিকল্প কর্মসংস্থান ও আয়ের মাধামে চরম দরিদ্রতা থেকে মুক্তি লাভের উপায় খুঁজে পাবে। সূত্র- **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৬)।

৭। **বিএনপি বিদেশনির্ভর হয়ে পড়েছে: সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন , দেশের জনগণের প্রতি আস্থা নেই বলেই বিএনপি বিদেশিদের প্রতি নির্ভর হয়ে পড়ছে। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার ) সচিবালয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সভাকক্ষে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নে র জবাবে তিনি আরো বলেন , বিশ্বকাপ জয়ে অনূর্ধ্ব-১৯ যুব ক্রিকেট দলকে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে সরকারের পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হবে। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫),**বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

৮। **বিদেশিদের কাছে নালিশ করে দেশকে খাটো করবেন না :**
**চট্টগ্রামে অমর একুশে বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে বিএনপি নেতৃবৃন্দের প্রতি তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বিদেশি কূটনীতিকদের কাছে নালিশ করে দেশ ও জাতিকে খাটো না করার জন্য বিএনপির প্রতি অনুরোধ জানিয়েছেন। কোনো নালিশ থাকলে দেশের জনগণ কিংবা নির্বাচন কমিশন এমনকি প্রয়োজনে আদালতে যাওয়ার জন্যও বিএনপিকে আহ্বান জানান তিনি। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার ) চট্টগ্রামে অমর একুশে বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্যে তিনি এ আহবান জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

৯। **সারাদেশে গত ২৪ ঘণ্টায় স্ক্রিনিং করা হয়েছে ১২ হাজার ৬৩০ যাত্রী : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, গত ১ জানুয়ারি থেকে ১০ ফেব্রুয়ারি পর্যন্ত স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দেশের স্বাস্থ্যসেবা বিভাগের মাধ্যমে করোনাভাইরাস প্রতিরোধে এ পর্যন্ত ৯০ হাজার ২৪৫ জন বিদেশফেরত যাত্রীর করোনাভাইরাস সংক্রান্ত মেডিকেল স্কিনিং সম্পন্ন করা হয়েছে। সারাদেশে গত ২৪ ঘণ্টায় স্ক্রিনিং করা হয়েছে ১২ হাজার ৬৩০ জন যাত্রীর। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার ) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে স্বাস্থ্য সচেতনতায় করণীয় শীর্ষক বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৭,ক.২), **বাংলাদেশ টুডে** ( পৃ.১,ক.১)।

১০। **চীনে করোনাভাইরাসের কারণে সরকারের নজর বিকল্প বাজারে :**
**কানাডার সাচকাচোয়ান প্রদেশের কৃষিমন্ত্রীকে বাণিজ্যমন্ত্রী**

চীনে করোনাভাইরাস সমস্যা দীর্ঘমেয়াদি হলে এর প্রভাব দেশের বাজারেও পড়ার শঙ্কা রয়েছে। এ পরিস্থিতি মোকাবিলায় নিত্যপ্রয়োজনীয় পণ্য আমদানির ক্ষেত্রে বিকল্প বাজারে নজর রাখছে সরকার। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) বাংলাদেশে সফররত কানাডার সাচকাচোয়ান প্রদেশের কৃষিমন্ত্রী এইচ ই ডাভিড মারিটের নেতৃত্বে প্রতিনিধিদলের সঙ্গে বাংলাদেশ-কানাডা বাণিজ্য সম্পর্কিত বিষয়ে মতবিনিময় সভা শেষে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এসব কথা বলেন। সূত্র- **যুগান্তর** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৫), নিউএজ বিজনেস পাতা-১/২।

১১। **পরিবেশসম্মত নগরায়নে এগিয়ে আসতে হবে : আবুধাবিতে গণপূর্তমন্ত্রী**

বাসযোগ্য পৃথিবী গড়তে পরিবেশসম্মত নগরায়নের জন্য সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে ওয়ার্ল্ড আরবান ফোরামে পরিবেশগত স্বাস্থ্য সুরক্ষা এবং পৌর স্যানিটেশন ও সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনার টেকসই সমাধানবিষয়ক নেটওয়ার্ক ইভেন্টে সভাপতির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশ সরকার নগর এলাকায় আধুনিক স্যানিটেশন ব্যবস্থা গড়তে নানামুখী পদক্ষেপ গ্রহণ করছে। একইসঙ্গে টেকসই নগরায়ণের মাধ্যমে স্মার্ট সিটি গড়ার লক্ষ্যে পরিবেশ সুরক্ষা ও বর্জ্য ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের ওপর সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। বিদ্যমান নগরায়ণ প্রক্রিয়ায় টেকসই উন্নয়ন অভীষ্ট ও নতুন আরবান এজেন্ডা হতে পারে উত্তম পন্থা। এক্ষেত্রে বিশ্বকে সমন্বিতভাবে কাজ করতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

১২। **একুশে ফেব্রুয়ারি পালনের জন্য জোর নিরাপত্তা থাকবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযথভাবে পালনের জন্য শহীদ মিনার এলাকাসহ দেশের সব বিভাগীয় শহর, জেলা, উপজেলায় বিশেষ নিরাপত্তা ব্যবস্থা জোরদার থাকবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২০ সুষ্ঠুভাবে উদ্‌যাপন উপলক্ষে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতিবিষয়ক সভা শেষে তিনি এসব কথা বলেন। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **এশিয়া এজ** (পৃ.১,ক.৮)।

**১৩। প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ বাস্তবায়নে মিডিয়ার সহযোগিতা চাইলেন তথ্য প্রতিমন্ত্রী**

প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ বাস্তবায়নে মিডিয়ার সহযোগিতা চাইলেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মো. মুরাদ হাসান। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার ) বাংলাদেশ সংবাদ সংস্থার জেলা প্রতিনিধিদের দু'দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি এ কথা বলেন। তিনি বলেন, আমাদের লক্ষ্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনারবাংলা গড়ে তোলা এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ স্বপ্নকে বাস্তবায়নে রূপ দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। সূত্র- **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১),

**১৪। ডিম আমদানির অনুমতি দেয়া হবে না : প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী**

দেশে চাহিদানুযায়ী ডিমের পর্যাপ্ত উৎপাদন রয়েছে। বিদেশ থেকে ডিম আমদানি করলে দেশের পোল্ট্রি শিল্প ধ্বংসের মুখে পড়বে। তাই বিদেশ থেকে ডিম আমদানির অনুমতি দেয়া হবে না বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মোঃ আশরাফ আলী খান খসরু। এ মুহূর্তে বিদেশ থেকে ডিম আমদানির কোনো প্রয়োজন নেই বলেও উল্লেখ করেন তিনি। গতকাল (১০ ফেব্রুয়ারি সোমবার) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে 'মৎস্য ও প্রাণিসম্পদ খাতে ই-সেবা কার্যক্রম চালুকরণ'প্রকল্পের ই-কন্টেন্ট ও ভিডিও কন্টেন্ট নির্বাচন কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র- **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

**ক. ইত্তেফাক, সমকাল, সংবাদ, ইনকিলাব, ভোরের কাগজ, যায়যায়দিন, যুগান্তর, অবজারভার, ইন্ডিপেনডেন্ট :** দক্ষিণ আফ্রিকার পচেফস্ট্রুমে অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপের ফাইনালে চারবারের চ্যাম্পিয়ন ভারতকে পরাজিত করে প্রথমবারের মতো বাংলাদেশের টিনএজার ক্রিকেটাররা শিরোপা জেতায় অভিনন্দন জানিয়ে তাদের এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **বণিক বার্তা** : শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত বেতন, সেশন ফি আদায় ইত্যাদি অভিযোগ দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমকে প্রশ্নবিদ্ধ করছে উল্লেখ করে এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়কে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

**গ. যায়যায়দিন :** সড়ক দুর্ঘটনা নিয়ে প্রতিনিয়ত আলোচনা হলেও গণপরিবহণে নারীর নিপীড়িত-নির্যাতিত হওয়ার বিষয়টি খুব কমই গুরুত্ব পাচ্ছে বলে অভিযোগ নারী অধিকার সংগঠকদের উল্লেখ করে গণপরিবহণে নারীর নিরাপত্তা নিশ্চিতে কার্যকর উদ্যোগের সুপারিশ।

**ঘ. জনকণ্ঠ** : পেঁয়াজের মূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণ করা যাচ্ছে না উল্লেখ করে আসন্ন রমজানের আগেই ভোগ্যপণ্যের দাম সাধারণ মানুষের নাগালে রাখার জন্য বাণিজ্য মন্ত্রণালয়কে জরুরি তৎপরতার সুপারিশ।

**ঙ. যুগান্তর** : প্রতারক চক্র মোবাইল ফোন নম্বর স্পুফিং করে বিভিন্ন ব্যক্তির সঙ্গে প্রতারণা করে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নিচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে উল্লেখ করে এ অপরাধের সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

**চ. ইন্ডিপেনডেন্ট :** দি ইলেকট্রনিক্স সেফটি অ্যান্ড সিকিউরিটি অ্যাসোসিয়েশন অভ্ বাংলাদেশ আয়োজিত এক সংবাদসম্মেলনে ২০১৯ সালে দেশের বিভিন্ন স্থানে অগ্নিকান্ডে ক্ষয়ক্ষতির কথা তুলে ধরা হয়েছে উল্লেখ করে অগ্নিদুর্ঘটনা রোধে সচেতনতার আহ্বান।

**ছ. নিউনেশন :** ড্রেজিং মাস্টার প্ল্যানের মাধ্যমে দেশের ১৭৮ নদী ড্রেজিংয়ের দ্বারা ১০ হাজার কিলোমিটার অভ্যন্তরীণ নৌপথের নাব্যতা বজায় রাখার পরিকল্পনার সফল বাস্তবায়নের প্রত্যাশা ।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের ভর্তির ক্ষেত্রে যেমন শিক্ষার্থীদের সুবিধা -অসুবিধার কথা ভাবতে হবে, একইসঙ্গে বিশ্ববিদ্যালয়ের মান, গবেষণা ও স্বাতন্ত্র্যবোধ বজায় রেখে যেকোনা সিদ্ধান্ত নিতে হবে।

**নিবন্ধ ও ফিচারেই**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'কীটপতঙ্গ ও জীববৈচিত্র্য রক্ষা করতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, পরিবেশ রক্ষায় কীটপতঙ্গ, পশুপাখি, বিভিন্ন প্রজাতির মাছ, গবাদিপশুসহ সব ধরণের প্রাণী সংরক্ষণের ব্যাপারে আমাদের সচেতন হতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা